# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
## বরিশাল

স্মারক নং বশিবো/কলেজ/অনুঃ/২০১৪/ ৮২৪৫ তারিখ: ২১/০৯/২০১৪খ্রি.

**বিষয় : উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন বিষয়ে প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান**

সূত্র : কলেজের স্মারক নং- মক-২০১৪/৪৩, তারিখ: ০৮/০৬/২০১৪খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্র মোতাবেক অত্র বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের ০৩/০৯/২০১৪খ্রি.তারিখের নির্দেশক্রমে জানাচ্ছি যে, মহানগর কলেজ, ডাকঃ রুইয়া, উপজেলাঃ বরিশাল সদর, জেলাঃ বরিশাল-এর উচ্চমাধ্যমিক পর্যায়ে নিম্নবর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন বিষয়ে প্রাথমিক পাঠদানের অনুমতি ০১/০৭/২০১৩ হতে ৩০/০৬/২০১৪খ্রি. পর্যন্ত ০১(এক) শিক্ষা বছরের জন্য প্রদান করা হলো।

উক্ত বিষয়ের পাঠদানের অনুমতির সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর পুনরায় মেয়াদ বৃদ্ধি করা না হলে পাঠদানের অনুমতি স্বয়ংক্রীয়ভাবে বাতিল হয়ে যাবে এবং এতদসংক্রান্ত যাবতীয় কার্যাবলী পরিচালনা থেকে বারিত হবে।

শর্তাবলী

০১। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭১.০৭.০০৪.১১-৬০৩, তারিখ- ১৩/০৬/২০১৩ এর ২(ক) নির্দেশ মোতাবেক উক্ত বিষয়ে পাঠদানের ব্যবস্থা করতে হবে

০২। প্রতি শিক্ষাবর্ষে প্রতি বিষয়ে ন্যূনতম ২৫(পঁচিশ) জন করে শিক্ষার্থী ভর্তি ও পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং এর ৫০% পাস করতে হবে

০৩। পাঠদানের এ অনুমতিকে কোনক্রমেই স্বীকৃতি বলে গণ্য করা যাবে না

০৪। বোর্ড কর্তৃপক্ষ যেকোন সময় পাঠদানের অনুমতি প্রত্যাহার বা স্থগিত করতে পারবে

২২.০৯.২০১৪

**ড. মোঃ লিয়াকত হোসেন # ৯৫১১**
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
বরিশাল
ফোন: ০৪৩১-৬৪৭৪৫

২১/৯/২০১৪

অধ্যক্ষ
মহানগর কলেজ
ডাকঃ রুইয়া, উপজেলাঃ বরিশাল সদর
জেলাঃ বরিশাল

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি

২। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা

৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

৫। সংরক্ষণ নথি

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
## বরিশাল

স্মারক নং- বশিবো/কলেজ/অনুঃ/২০১৪/ ৬২৪৫ তারিখ : ২১ /০৯/২০১৪খ্রি.

**বিষয় : স্বীকৃতির মেয়াদ বৃদ্ধি**

সূত্র : কলেজের স্মারক নং- মক ২০১৪/৪৬, তারিখ : ৩০/০৬/২০১৪খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে অত্র বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের ০৩/০৯/২০১৪খ্রি. তারিখের নির্দেশক্রমে জানাচ্ছি যে, মহানগর কলেজ, ডাকঃ রুইয়া, উপজেলাঃ বরিশাল সদর, জেলাঃ বরিশাল-এর উচ্চমাধ্যমিক পর্যায়ে **স্বীকৃতি/অনুমতিপ্রাপ্ত শাখা ও বিষয়সমূহে কাম্য সংখ্যক শিক্ষার্থী ভর্তি এবং ফলাফল আরো ভালো করার শর্তে** নিম্নবর্ণিত শাখা ও বিষয়সমূহের স্বীকৃতি মেয়াদ ০১/০৭/২০১৪খ্রি. থেকে ৩০/০৬/২০১৬খ্রি. তারিখ পর্যন্ত ০২(দুই) শিক্ষা বছরের জন্য বৃদ্ধি করা হলো।

স্বীকৃতির সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর পূনরায় স্বীকৃতি নবায়ন করা না হলে উক্ত স্বীকৃতি স্বয়ংক্রীয়ভাবে বাতিল হয়ে যাবে এবং এতদ্‌সংক্রান্ত যাবতীয় কার্যাবলী পরিচালনা থেকে বারিত হবে।

| **শাখা** | | **বিষয়** |
|---|---|---|
| ১। সকল শাখার জন্য | : | বাংলা ও ইংরেজি (আবশ্যক বিষয়) |
| ২। নৈর্ব্যাচনিক বিষয় | | |
| ক) মানবিক শাখা | : | অর্থনীতি, পৌরনীতি ও সুশাসন, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইসলাম শিক্ষা, যুক্তিবিদ্যা, সমাজকর্ম, সমাজবিজ্ঞান, কৃষি শিক্ষা, গার্হস্থ্য অর্থনীতি এবং ভূগোল |
| খ) ব্যবসায় শিক্ষা শাখা | : | হিসাব বিজ্ঞান, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা এবং সাচিবিকবিদ্যা ও অফিস ব্যবস্থাপনা |

শর্তাবলী

০১। প্রতি শিক্ষাবর্ষে প্রতি বিষয়ে ন্যূনতম ২৫(পঁচিশ) জন করে ছাত্র-ছাত্রী ভর্তি করতে হবে এবং প্রতি বিষয়ে ন্যূনতম ২৫জন পরীক্ষায় অংশগ্রহণ করে কমপক্ষে এর ৫০% পাস করতে হবে
০২। কলেজের শিক্ষার মান আরো উন্নত করতে হবে এবং পাবলিক পরীক্ষার পাসের হার বৃদ্ধি করতে হবে
০৩। কলেজের আসবাবপত্র বৃদ্ধি করাসহ প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয় করতে হবে
০৪। টিউটোরিয়াল ক্লাস ও পরীক্ষার ব্যবস্থা করতে হবে এবং এর লিখিত রেকর্ডপত্র সংরক্ষণ করতে হবে
০৫। কলেজে আলাদা গ্রন্থাগার নির্মাণ করে তাতে প্রয়োজনীয় সংখ্যক পাঠ্যপুস্তক ও সাহায্যকারী পুস্তক-এর সংখ্যা বাড়াতে হবে
০৬। জরুরি ভিত্তিতে বাৎসরিক ক্লাস রুটিন দাখিল করতে হবে
০৭। সর্বশেষ বিধি মোতাবেক শিক্ষক-কর্মচারীদের কলেজে উপস্থিতি নিশ্চিত করতে হবে
০৮। শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক যে কোন সময়ে কলেজটি আকস্মিক পরিদর্শনের নিমিত্তে প্রস্তুত থাকতে হবে
০৯। কলেজের সংরক্ষিত ও সাধারণ তহবিলে কাম্য পরিমাণ অর্থ সংরক্ষণ করতে হবে
১০। বোর্ড কর্তৃপক্ষ যেকোন সময় স্বীকৃতি প্রত্যাহার বা স্থগিত করতে পারবে

২১.০৯.২০১৪


**ড. মো: লিয়াকত হোসেন (৯৫১১)**
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
বরিশাল
ফোন : ০৪৩১-৬৪৭৪৫


২১/৯/২০১৪

অধ্যক্ষ
মহানগর কলেজ
ডাক : রুইয়া, উপজেলা : বরিশাল সদর
জেলা : বরিশাল

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৩। প্রোগ্রামার, বশিবো (পত্রটি অন-লাইনে প্রচারের জন্য)
৪। সংরক্ষণ নথি


জরুরী ভিত্তিতে ইন্টারেক্টিভ ওয়েব সাইড খুলুন এবং প্রতিদিন অত্র বোর্ডের ওয়েব সাইড দেখুন